

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
www.lged.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০২.০০০০.১৫০.৯৯.১৩৮.১৯- ৪৩৪

তারিখ : ০৫/০৮/২০২০

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশলীর অধিদপ্তর
দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/নীলফামারী।

বিষয় : ২০২০-২০২১ অর্থ বৎসরের সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ক্রয়কার্য সম্পাদনের জন্য তালিকাভুক্ত ঠিকাদার নবায়ন এবং আত্রহী নতুন ঠিকাদার তালিকাভুক্ত সহ বিদ্যমান তালিকা হালনাগাদ করণ প্রসংগে।

সূত্র : স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩/২০১০/১৩৮৯, তারিখঃ ২২/১২/২০১৩ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বৎসরের সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ক্রয়কার্য সম্পাদনের জন্য তালিকাভুক্ত ঠিকাদারী লাইসেন্স আগামী ৩০/১০/২০২০ পর্যন্ত নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে গ্রহণপূর্বক নবায়ন সম্পন্ন করে আগামী ০৭/১১/২০২০ইং তারিখের মধ্যে নবায়নকৃত তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী তালিকাভুক্তি নবায়ন ফির উপর ভ্যাট আদায় করতে হবে।

আত্রহী নতুন তালিকাভুক্তি করার চাহিদা থাকলে বিধি ৫২(৩) (খ) অনুযায়ী পত্রিকায় নির্ধারিত ছকে বিজ্ঞাপন প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নির্ধারিত ফরমে প্রাপ্ত আবেদনপত্র ও আনুসংগিক কাগজপত্রের ভিত্তিতে জেলা তালিকাভুক্তির কমিটির মাধ্যমে মূল্যায়ন করতে হবে। অতঃপর কার্যবিবরণীতে বিজ্ঞপ্তি প্রদানের তথ্য উল্লেখপূর্বক পেপার কাটিং ও সুপারিশসহ প্রস্তাবিত তালিকা অনুমোদনের জন্য আগামী ০৭/১১/২০২০ইং তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য নতুন অনুমোদিত ঠিকাদারকে নির্ধারিত হারে [(৫০০০.০০ (পাঁচ হাজার টাকা)) ফি প্রদান করে তালিকাভুক্ত হতে হবে। তালিকাভুক্ত ঠিকাদারগণ কেবলমাত্র দিনাজপুর অঞ্চলের আওতাধীন জেলাগুলোর প্রকাশিত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন অর্থাৎ এক অঞ্চলের তালিকাভুক্ত ঠিকাদারের অন্য অঞ্চলের কোন জেলায় দরপত্রে অংশগ্রহণের সুযোগ নেই। উল্লেখ্য যে, বিধি ৪৮(৬) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩(তিন) কোটি (সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুনঃ নির্ধারিত) টাকার অভ্যন্তরীণ কার্যক্রমের ক্ষেত্রে তালিকাভুক্তি হতে ইচ্ছুক আত্রহী ঠিকাদারগণের অতীতে সম্পাদিত ক্রয়কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হবে না।

নবায়ন কিংবা নতুন তালিকাভুক্তি ব্যতীত কোন ঠিকাদার সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২০২০-২০২১ অর্থ বৎসরে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না। সুতরাং বর্ণিত বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(বিঃদ্রঃ-আবেদন পত্রের সংগে দাখিলকৃত আনুসংগিক কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সমূহ যাচাইয়ের জন্য প্রয়োজনে মূল কাগজপত্রাদি সরবরাহ করতে হবে।)



(মোঃ শমসের আলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।

se.dinajpur@lged.gov.bd

অনুলিপি :

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ----- (সকল), জেলাঃ দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়/নীলফামারী।